গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কার্যালয়
সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।
www.dss.barisaldiv.gov.bd

## সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিভাগীয় ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোহাম্মদ মাহফুজুর রহমান, বিভাগীয় কমিশনার, বরিশাল।
তারিখ ও সময় : ২৫ নভেম্বর ২০২৫; সময়: দুপুর ১২:১৫ ঘটিকা।
সভার স্থান : সম্মেলন কক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।

[সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য]

সভার শুরুতে কমিটির সভাপতি নবযোগদানকৃত বিভাগীয় কমিশনার সকলকে স্বাগত জানান। এরপর সদস্য সচিব জনাব শাহ মোঃ রফিকুল ইসলাম, পরিচালক (উপসচিব), বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল সভাপতির অনুমতিক্রমে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি তুলে ধরেন। অতঃপর নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও দৃঢ়ীকরণ | গত ২৫ আগস্ট ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীর উপর উপস্থিত সদস্যবৃন্দের মধ্য হতে কোনো সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | গত ২৫ আগস্ট ২০২৫ তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ১.অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল।<br>২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল। |
| ০২. সকল ভাতা কার্যক্রম সংক্রান্ত আলোচনা | কমিটির সদস্য-সচিব সমাজসেবা বিভাগের ২০২৫-২৬ অর্থবছরের ১ম কিস্তির (জুলাই-সেপ্টেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত) সকল ভাতাভোগীর সংখ্যা উপস্থাপন করেন। ভাতাভোগীদের সংখ্যা নিম্নরুপ:<br>০১. বয়স্ক ভাতা উপকারভোগী ৪,৫৪,৬৭৪ জন<br>০২. বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা উপকারভোগী ২,১৯,৯৫৮ জন<br>০৩. প্রতিবন্ধী ভাতা উপকারভোগী ২,৩১,০২২ জন<br>০৪. অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ভাতা উপকারভোগী ৭,৭৫৩ জন<br>০৫. বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ভাতা উপকারভোগী ৮৭৪ জন<br>০৬. হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ভাতা উপকারভোগী ১০৩ জন<br>০৭. প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি উপকারভোগী ৬৫৫২ জন<br>০৮. অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে শিক্ষা উপবৃত্তি উপকারভোগী ৩১৩৭ জন<br>০৯. বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে শিক্ষা উপবৃত্তি উপকারভোগী ৬৮৬ জন<br>১০. হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে শিক্ষা উপবৃত্তি উপকারভোগী ২৯ জন<br>সর্বমোট উপকারভোগীর সংখ্যা **৯,২৪,৭৮৮** জন।<br>এছাড়া সকল ভাতা ও উপবৃত্তিতে নতুন উপকারভোগী যুক্ত করার জন্য অনলাইনে ১৩.১০.২০২৫ খ্রি. হতে আবেদন গ্রহণ শুরু হয়েছে যা ৩০.১১.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যাচাই-বাছাই করে নতুন উপকারভোগী যুক্ত করা হবে। | ১. সকল ভাতাভোগীর ভাতা প্রাপ্তির ক্ষেত্রে লাইফ ভেরিফিকেশন সঠিকভাবে সম্পন্ন করে পে-রোল প্রেরণ করতে হবে।<br>২. ভাতা প্রদানের ক্ষেত্রে একজন দায়িত্বশীল কর্মকর্তাকে ইউনিয়ন পর্যায়ে মনিটরিং এর দায়িত্ব দিতে হবে। এছাড়া কোনো ভাতাভোগী যেন হয়রানির স্বীকার না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।<br>২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ।<br>৪. উপজেলা/শহর সমাজসেবা অফিসার (সকল), বরিশাল বিভাগ। |
| ০৩. ভাতার টাকা হ্যাকিং প্রতিরোধ সংক্রান্ত | সদস্য সচিব বলেন যে, ভাতার টাকা বছরে ০৪ (চার) কিস্তিতে মোবাইল ব্যাংকিং (বিকাশ/নগদ/রকেট/উপায়) এর মাধ্যমে প্রদান করা | ভাতার টাকা হ্যাকিং রোধে উপজেলা/ইউনিয়ন পর্যায়ে ফিল্ড সুপারভাইজার/ইউনিয়ন সমাজকর্মীদেরকে | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল। |

| | | | |
|---|---|---|---|
| | হয়। ভাতার টাকা জমা হবার পরপরই এক বা একাধিক প্রতারক চক্র ওটিপি বা মোবাইল ব্যাংকিং এর পিন সংগ্রহ করার জন্য ভাতাভোগীকে বিভিন্ন পরিচয়ে কল করেন। বিভিন্ন প্রলোভনের ফাঁদে ফেলে অথবা অসহায় মানুষকে ভুল বুঝিয়ে ওটিপি বা পিন নিয়ে অ্যাকাউন্টের সম্পূর্ণ নিয়ন্ত্রণ নিয়ে নেয় ও টাকা উত্তোলণ করে ফেলে। বিভাগীয় ও জেলা সমাজসেবা কার্যালয়ের বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রমের জন্য এ প্রতারণা এখন অনেকটা কমে এসেছে। বিভাগীয় সমাজসেবা কার্যালয় কর্তৃক "মোবাইল আমার, ভাতা আমার" শীর্ষক সচেতনতামূলক ফেস্টুন প্রস্তুত করে প্রত্যেকটি উপজেলা ও ইউনিয়নে প্রেরণ করা হয়েছে। | নিয়মিত ভাতাভোগীদের দোরগোড়ায় গিয়ে সচেতন করতে হবে। | ২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ।<br>৪. উপজেলা/শহর সমাজসেবা অফিসার (সকল), বরিশাল বিভাগ। |
| ০৪. ভাতাভোগী বাছাইয়ের ক্ষেত্রে গুম হওয়া ব্যক্তির পরিবার, বৈষম্যবিরোধী আন্দোলনে নিহত ও আহত পরিবারকে অগ্রাধিকার প্রদান | নতুন ভাতাভোগী বাছাই ও প্রতিস্থাপনের ক্ষেত্রে গুম হওয়া ব্যক্তির পরিবার এবং জুলাই ও আগস্টে বৈষম্যবিরোধী আন্দোলনে আহত ও নিহত ব্যক্তির পরিবারকে অগ্রাধিকার ভিত্তিতে ভাতা প্রদান করার জন্য সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে সমাজসেবা অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ সুষ্ঠুভাবে যাচাই-বাছাই সম্পন্ন করবেন মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | নতুন ভাতাভোগী বাছাই/প্রতিস্থাপনের ক্ষেত্রে গুম হওয়া ব্যক্তির পরিবার এবং জুলাই - আগস্ট ২০২৪ এর বৈষম্যবিরোধী আন্দোলনে আহত ও নিহত ব্যক্তির পরিবারকে অগ্রাধিকার ভিত্তিতে ভাতা প্রদান করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।<br>২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ।<br>৪. উপজেলা/শহর সমাজসেবা অফিসার (সকল), বরিশাল বিভাগ। |
| ০৫. ভাতাভোগী নির্বাচনের ক্ষেত্রে সঠিকতা যাচাই ও স্বচ্ছতা নিশ্চিতকরণ | নতুন ভাতাভোগী নির্বাচনের ক্ষেত্রে প্রকৃত দরিদ্র ব্যক্তি বাছাই করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতাভোগী বাছাইয়ের ক্ষেত্রে তাদের পুন:বিবাহ আছে কিনা তা খোঁজখবর নেয়ার জন্য ফিল্ড সুপারভাইজার ও ইউনিয়ন সমাজকর্মীদের আরও পেশাদারিত্ব ভূমিকা পালন করার জন্য সভায় আলোচনা করা হয়। এছাড়া সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে দ্বৈততা পরিহারের বিষয়টি নিয়েও আলোচনা হয়। | ১. বিদ্যমান ভাতা বিতরণ নীতিমালা অনুযায়ী দুস্থ ও দরিদ্র ব্যক্তিকে বাছাই করে ভাতা প্রদান করতে হবে।<br>২. বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতাভোগী বাছাইয়ের ক্ষেত্রে তাদের পুন:বিবাহ সংক্রান্ত যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন গ্রহণ সাপেক্ষে ভাতা প্রদান নিশ্চিত করতে হবে।<br>৩. সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সরকার কর্তৃক প্রদেয় সুবিধার দ্বৈততা পরিহারের জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। সকল ভাতা কার্যক্রমের খোজঁখবর নেয়ার জন্য ফিল্ড সুপারভাইজার ও ইউনিয়ন সমাজকর্মীদের আরও পেশাদারিত্ব ভূমিকা পালন করতে হবে। | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।<br>২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ।<br>৪. উপজেলা/শহর সমাজসেবা অফিসার (সকল), বরিশাল বিভাগ। |
| ০৬. ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়ায় রোগে আক্রান্ত রোগীদের আর্থিক অনুদান প্রদান | কমিটির সদস্য-সচিব জানান, ২০২৫-২৬ অর্থ বছরের ১র্থ কিস্তিতে এ বিভাগে মোট ৩,১০,৫০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। বরগুনা ও ভোলা জেলা ব্যতীত বাকি ০৪ (চার) জেলায় ১ম কিস্তির টাকা বিতরণ করা হয়েছে। | জেলা প্রশাসনকগণ নীতিমালার আলোকে যাচাই-বাছাই করে টাকা বিতরণ করবেন। ভোলা ও বরগুনার জেলা প্রশাসককে দ্রুত টাকা বিতরণের জন্য বলা হলো। | ১. জেলা প্রশাসক (সকল), বরিশাল বিভাগ।<br>২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।<br>৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।<br>৪. উপজেলা/শহর সমাজসেবা অফিসার (সকল), বরিশাল বিভাগ। |
| ০৭. বেসরকারি এতিমখানার নিবাসীদের অনুকূলে ক্যাপিটেশন গ্রান্ট প্রদান | ২০২৫-২৬ অর্থ বছরে ১ম কিস্তিতে (জুলাই-ডিসেম্বর ২০২৫) ৫০৫ টি এতিমখানার ১৪,৯২২ জন নিবাসীর জন্য মাসে ২,০০০/- হারে চাহিদা | মন্ত্রণালয় থেকে অর্থ ছাড় হওয়ার পর উক্ত অর্থ ব্যয় করার ক্ষেত্রে উপজেলা ব্যবস্থাপনা কমিটির পরামর্শ গ্রহণ করতে হবে। এছাড়া নিবাসীর উপস্থিতি অবশ্যই নিশ্চিত করতে হবে। নাম সর্বস্ব প্রতিষ্ঠানের গ্রান্ট বাতিলের | ১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বরিশাল।<br>২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় |

| | | | |
|---|---|---|---|
| | প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (সকল), বরিশাল বিভাগ।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ।<br>৪. উপজেলা/শহর সমাজসেবা অফিসার (সকল), বরিশাল বিভাগ। |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/১১/২৫

মোহাম্মদ মাহফুজুর রহমান
বিভাগীয় কমিশনার
বরিশাল।

স্মারক নং- ৪১.২১.০০০০.০০০.০৬.১৩৭.১৯.৬৭২

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।
০৪. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বরিশাল।
০৫. জেলা প্রশাসক (সকল), বরিশাল বিভাগ।
০৬. জেনারেল ম্যানেজার, বাংলাদেশ ব্যাংক, বরিশাল।
০৭. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বরিশাল।
০৮. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।
০৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ।
১০. উপজেলা/শহর সমাজসেবা অফিসার (সকল), বরিশাল বিভাগ।
১১. অফিস কপি।

২৫/১১/২৫

শাহ মো: রফিকুল ইসলাম
পরিচালক (উপসচিব)
বিভাগীয় কার্যালয়
সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।
মোবাইল নং- ০১৮১৪৭১৫২৫২